

উপলব্ধি

শাহানা হুদা (মলি)

তোমায় আমি ভালবাসি
ভাল লাগার ভালবাসায়,

অনুভূতি রাশি রাশি
ভাল 'বাসা'র নয়তো আশায়
ভালবাসার পাশাপাশি

তোমায় আমি ভালবাসি
জানি যদিও প্রেম যে হয় সর্বনাশী
শীতের রাতে চাঁদের নীচে
গল্প করার আশায় মিছে
বাধিয়ে বসি সর্দি কাশি
তবুও তোমায় ভালবাসি

তোমায় ছাড়া অন্য কিছু
ভেবে হতে চাই না নিচু
তোমার কায়ার ছায়া হয়ে
চলি আমি পিছু পিছু

আমায় যখন নিয়ে গেল
দস্যুরা সব হরণ করে
জ্যেৎস্না রাতের অন্ধকারে
তোমার চোখের দু'ফোটা জল
দেখতে আমি ব্যাগ্র ছিলাম
তোমার চোখের জলের মাঝে
কি যে ছিল জানি না আজ ও
জানি শুধু আমায় তুমি
একটু হলে ও ভালবাসো



বৈশাখে মনে পড়ে

শাহানা হুদা (মলি)

বৈশাখের এই মেঘলা দিনে
মনের সেই ছেড়া বীনে
কোন চেনা সুর হঠাৎ বাজে
দুঃখটাকে চেপে রেখে বুকের মাঝে
তবুও আমার ভাল লাগে
হারিয়ে যেতে দূরের বনে তোমার সাথে
ঘন মেঘের ভরা সাঁঝে
গাছের ফাঁকে রৌদ্র ছায়ায়
কি যে আছে রহস্যময়
আমার এত কাছে থেকেও
তুমি আমার কেউ যেন নও

বৈশাখের এই প্রবল ঝড়ে
আমার কেবল মনে পড়ে;
উলট পালট এই মনেতে
আম কুড়ানোর সঙ্গী আমার

কালো গভীর ডাহুক চোখের
সেই ছেলেকে মনে পড়ে